

জাতিসংঘ সংশ্লিষ্ট সংস্থা ও এজেন্সি

ও জাতিসংঘ পরিবারের জন্য

সহায়তামূলক কার্যক্রম

অন্যান্য বছরের মতো এ বছরেও তথ্য কেন্দ্রটি জাতিসংঘের সঙ্গে সংশ্লিষ্ট সংস্থাসমূহকে নানাভাবে সহায়তা প্রদান করে। মার্চ মাসের প্রথমদিকে তথ্য কেন্দ্রের পরিচালক এবং বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী সঙ্গে একটি একান্ত প্রেস সাক্ষাতকারের আয়োজন করা হয়। ইউএনডিপি সভাকক্ষে অনুষ্ঠিত এ প্রেস সাক্ষাতকারটির ব্যাপারে তথ্য কেন্দ্র প্রয়োজনীয় যোগাযোগের দায়িত্ব পালন করে। জাতীয় ইংরেজি দৈনিক বাংলাদেশ অবজার্ভারের একজন সিনিয়র সাংবাদিক সাক্ষাতকারটি গ্রহণ করেন। গণমাধ্যমেগুলোতে এ সাক্ষাতকারের বিশদ বিবরণ প্রকাশিত হয়।

এ মাসেই ইউএনডিপির সহকারী প্রশাসক বাংলাদেশে সফরে আসেন। দশদিনব্যাপী সফরকালে তথ্য কেন্দ্র বাংলাদেশের গণমাধ্যমগুলোর সঙ্গে অনেকগুলো যোগাযোগের ব্যবস্থা করে। এরই ফলশ্রুতিতে অনুষ্ঠিত হয় সম্মানিত অতিথির সঙ্গে তিনটি প্রথম শ্রেণীর জাতীয় দৈনিকের প্রতিনিধিদের সাক্ষাতকার, বাংলাদেশে টেলিভিশনের একটি সরকারি ও বেসরকারি চ্যানেলের সঙ্গে সাক্ষাতকার এবং সিনিয়র সাংবাদিক ও সংবাদ এজেন্সিসমূহের সঙ্গে সাংবাদিক সম্মেলন। কেন্দ্রের কর্মকর্তা সব কয়টি অনুষ্ঠানেরই সমন্বয়ের কাজে নিয়োজিত ছিলেন।

এ বছর এপ্রিল মাসে এসকাপ সমীক্ষা ২০০২ ও জুলাই মাসে ইউএনডিপি'র মানব উন্নয়ন রিপোর্ট ২০০২-এর উদ্বোধনীর ব্যাপারেও তথ্য কেন্দ্রের বিশেষ ভূমিকা ছিল। উভয় ক্ষেত্রে

প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য কেন্দ্রকে সরঞ্জামাদি বাছাই ও প্রস্তুত করতে হয় এবং সেইসঙ্গে মুদ্রণ ও ইলেকট্রনিক মাধ্যমগুলোর প্রতিনিধিদের আমন্ত্রণ জানানোর দায়িত্বও পালন করতে হয়। মানব উন্নয়ন রিপোর্টটি উপস্থাপন করেন বাংলাদেশের একজন সাবেক সচিব এবং এ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাংলাদেশে জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী। আইন ও সংসদ বিষয়ক

